তারিখ 03 NOV 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

সংবাদ

# ইবিতে প্রতি আসনে ভর্তিচ্ছু ৪৩ শিক্ষার্থী

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার আবেদন শেষ হয়েছে। এ বছর ভর্তি পরীক্ষায় প্রতিটি আসনের বিপরীতে ৪৩ জন ভর্তিচ্ছু ভর্তিযুদ্ধে অংশগ্রহণ করবেন বলে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি কমিটি সূত্রে জানা গেছে। এ বছর মোট ১৬শ ৯৫টি আসনের বিপরীতে ৭২ হাজার ৯১০ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী আবেদন করেছেন। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি কমিটি সূত্রে আরও জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের অনলাইনে ভর্তির আবেদন গ্রহণ গত ১৫ সেপ্টেম্বর থেকে শুরু হয়ে গত ৩১ অক্টোবর শেষ হয়। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ৪ থেকে ৮ ডিসেম্বর পর্যন্ত। এ বছর বিশ্ববিদ্যালয়ের ৮টি ইউনিটে ২৫টি বিভাগে ১৬ শত ৯৫টি আসনের বিপরীতে ভর্তি আবেদন জমা পড়েছে ৭২ হাজার ৯১০টি। প্রতিটি আসনের জন্য ৪৩ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। এছাড়া ইউনিট ভিত্তিক হিসেবে দেখা গেছে 'এ' ইউনিটে ২৪০টি আসনের বিপরীতে আবেদন করেছেন ১ হাজার ৯৬০ জন। এ ইউনিটে প্রতি আসনের বিপরীতে ভর্তি পরীক্ষায় অংশ নিবে ৯ জন ভর্তিচ্ছু। 'বি' ইউনিটে ৪২০টি আসনের বিপরীতে আবেদন করেছেন ১৪ হাজার ৯৫৬ জন। 'বি' ইউনিটে একটি আসনের জন্য লড়বে ৩৬ জন ভর্তিচ্ছু। 'সি' ইউনিটে ২২৫টি আসনের বিপরীতে আবেদন করেছেন ১৪ হাজার ৩৮২ জন। সি ইউনিটে প্রতি আসনের বিপরীতে ভর্তি যুদ্ধে অংশ নিবে ৬৪ জন শিক্ষার্থী। 'ডি' ইউনিটে ১৩৫ আসনের বিপরীতে আবেদন করেছেন ১২ হাজার ২৮৯ জন। ডি ইউনিটে প্রতি আসনের জন্য লড়বে ৯১ জন শিক্ষার্থী।